



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700019

CLASS - I

TERM - SECOND

SUBJECT- BENGALI ANSWER WORKSHEET - 23

DATE - 04.12.2020

Topic - বোধ - পরীক্ষণ

নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

এক নেকড়ে'র সাথে একদিন এক কুকুরের দেখা হল। কুকুরের চেহারা বেশ ভাল। দেখলেই বোঝা যায় প্রচুর খাওয়া জোটে তার। কুকুরের গলায় পরানো রয়েছে একটি শেকল, কাঠের তৈরী। নেকড়ে কৌতুহলী হয়ে কুকুরের কাছে জানতে চাইল যে, কে সেই লোক যে তার খাবারের কোন অভাব রাখেনি কিন্তু গলায় পরিয়ে দিয়েছে একটি ভারী শেকল। আমার মালিক, জবাব দিল সেই কুকুর। সেই শুনে নেকড়ে বলল, আমার কোন বন্ধুকে যেন কোনদিন এমন দুর্দশায় পড়তে না হয়। এই শেকলের ভার সব ক্ষিদে মিটিয়ে দেবে।

১) মানে লেখো।

ক) প্রচুর - অনেক

২) বাক্য রচনা করো।

ক) বন্ধু - বিদ্যালয়ে আমার অনেক বন্ধু আছে।

৩) খালি ঘরে লেখো।

ক) এক নেকড়ে'র সাথে একদিন এক কুকুরের দেখা হল।

খ) দেখলেই বোঝা যায় প্রচুর খাওয়া জোটে তার।

৪) ঠিক বা ভুল লেখো।

ক) কুকুরের চেহারা বেশ খারাপ।

ভুল

খ) কুকুরের গলায় পরানো রয়েছে একটি শেকল, কাঠের তৈরী।

ঠিক

৫) উত্তর লেখো।

ক) কুকুরের জবাব শুনে নেকড়ে কী বলেছিল?

উঃ কুকুরের জবাব শুনে নেকড়ে বলেছিল যে, আমার কোন বন্ধুকে যেন কোনদিন এমন দুর্দশায় পড়তে না হয়। এই শেকলের ভার সব ক্ষিদে মিটিয়ে দেবে।

খ) নেকড়ে কৌতুহলী হয়ে কুকুরের কাছে কী জানতে চেয়েছিল?

উঃ নেকড়ে কৌতুহলী হয়ে কুকুরের কাছে জানতে চেয়েছিল যে, কে সেই লোক যে তার খাবারের কোন অভাব রাখেনি কিন্তু গলায় পরিয়ে দিয়েছে একটি ভারী শেকল।